

## প্রেস বিজ্ঞপ্তি

### সিংগাপুরের উচ্চ পর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধি দল ঢাকায় আসছে আগামী ০৮ জুলাই

বিডা'র সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর ১০ জুলাই

ঢাকা (06 জুলাই, ২০১৭):

বাংলাদেশ ও সিংগাপুরের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা জোরদার করার লক্ষ্যে সিংগাপুর বিজনেস ফেডারেশনের ভাইস চেয়ারম্যান ড. আর, টেভেনড্রান এর নেতৃত্বে ৩৮ সদস্যের একটি উচ্চ পর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধি দল আগামী ০৮ জুলাই, ২০১৭ শনিবার রাতে এক সপ্তাহের ব্যবসায়িক সফরে ঢাকায় আসছে।


সপ্তাহব্যাপী এ সফরে ব্যবসায়ী প্রতিনিধি দলটি বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ছাড়াও বিনিয়োগ সম্পর্কিত বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবৃন্দের সাথে বৈঠকে মিলিত হবেন।

আগামী ১০ জুলাই বেলা ০২:০০ ঘটিকায় রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ৩নং বলরুমে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ও সিংগাপুর বিজনেস ফেডারেশন (এস.বি.এফ) এর সাথে ব্যবসা ও বিনিয়োগ সহযোগিতা সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে।

একই দিন সকাল ০৯:০০ ঘটিকায় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের চিত্রা রুমে ব্যবসায়ী প্রতিনিধি দলটির সম্মুখে “Investing and Doing Business in Bangladesh” শীর্ষক উপস্থাপনা প্রদান করবেন বিডা'র নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী মোঃ আমিনুল ইসলাম।

উপরোক্ত দুইটি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম কভারেজ করার জন্য বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার সম্মানিত সাংবাদিকবৃন্দকে সবিগ্নে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্যঃ ব্যবসায়ী প্রতিনিধি দলটি আগামী ১৪ জুলাই রাতে সিংগাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবে।



(ফয়সল হাসান)

সিনিয়র তথ্য অফিসার

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়।